

**এনটিআরসিএ কর্তৃক সুপারিশের জন্য নির্বাচিত প্রার্থী এবং প্রতিষ্ঠান প্রধানগণের জ্ঞাতব্য**

লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক নিয়োগ প্রার্থীরা নন-এমপিও পদে যোগদান করলে কতদিনে এমপিও পাবেন বা পাবেন কিনা ফোনে জিজ্ঞাসাবাদ করছেন। তাদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের এমপিও, নন-এমপিও, অননুমোদিত, অননুমোদিত সকল পদের নিয়োগের সুপারিশকরণের দায়িত্ব এনটিআরসিএ-কে প্রদান করা হয়েছে। পদটি অননুমোদিত বা নন-এমপিও হলেও সকল স্তরের শিক্ষকের মান নিশ্চিত করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানেই এনটিআরসিএ'র মাধ্যমে নিয়োগ প্রদান করতে হচ্ছে। এ কারণে এনটিআরসিএ নন-এমপিও পদেও সুপারিশ করছে এবং করবে। প্রসঙ্গত উল্লেখ্য, কোনো প্রতিষ্ঠানের অননুমোদিত জনবল কাঠামোর বাইরের নন-এমপিও বা অননুমোদিত পদ কখনই এমপিওভুক্ত করা হবে না মর্মে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) কর্তৃপক্ষ জানিয়েছেন। সুতরাং যারা নন-এমপিও/অননুমোদিত পদে যোগদান করবেন তাদের ভবিষ্যতে এমপিওভুক্ত হওয়ার সুযোগ থাকবে না; সেটা জেনে শুনাই যোগদান করতে হবে। এনটিআরসিএ কর্তৃক নন-এমপিও পদে নিয়োগ সুপারিশ কোনো অবস্থাতেই ঐ পদের এমপিওভুক্তির প্রতিশ্রুতি হিসেবে বিবেচিত হবে না এবং এর মাধ্যমে প্রার্থী এমপিওভুক্ত হওয়ার দাবি করতে পারবেন না। এ বিষয়টি নিয়োগের সুপারিশপত্রে সুনির্দিষ্টভাবে লেখা থাকবে। এমতাবস্থায়, নন-এমপিও/অননুমোদিত পদে যারা যোগদান করবেন তারা ভবিষ্যতে এমপিওভুক্ত হবেন না; সেই মানসিক প্রস্তুতি নিয়েই তাদের যোগদান করতে হবে।

আরো লক্ষ্য করা যাচ্ছে যে, জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্ত্বেও কিছু কিছু প্রার্থী তথ্য গোপন করে বা মিথ্যা তথ্য ঘোষণা করে আবেদন করেছেন। এসব প্রার্থীরা নিয়োগের সুপারিশ পেলেও যোগদান করতে পারবেন না।

নিম্নবর্ণিত পদসমূহের ক্ষেত্রে তথ্য গোপন করার অভিযোগ পাওয়া যাচ্ছে। এসব পদসমূহের জন্য জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর নিম্নরূপ শিক্ষাগত যোগ্যতা প্রয়োজ্য হবে:

প্রতিষ্ঠানের ধরণ	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
বিদ্যালয় ও মাদরাসা	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি/সমমান অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।	বর্ণিত পদসমূহে সুপারিশের জন্য নির্বাচিত প্রার্থীগণ যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নিবন্ধন সনদের মূলকপি প্রতিষ্ঠান প্রধানের নিকট প্রদর্শন করবেন।  সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) এবং প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ০৬(ছয়) মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্তরা নিয়োগের সুপারিশ পেলেও জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা না থাকায় যোগদান করতে পারবেন না।
কারিগরি	সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ২য় শ্রেণি। অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।	
মাদরাসা	সহকারী শিক্ষক (কৃষি)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এডসহ নিম্নলিখিত যে কোন একটি ডিগ্রি/সমমান থাকতে হবে। বিএসসি(পাস/সম্মান) [কৃষি/কৃষি অর্থনীতি/মৎস/পশুপালন/ কৃষি প্রকৌশল/উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা/ মৃত্তিকা বিজ্ঞান/ডিভিএম] অথবা কৃষি ডিপ্লোমা/সমমান সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।	
কারিগরি	কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সকল পদের ক্ষেত্রে প্রয়োজ্য	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রি/সমমান।	
উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা	প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান /আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; বর্ণিত সর্বশেষ ডিগ্রী ব্যতীত শিক্ষাজীবনের অন্যান্য যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।	
ব্যবসায় ব্যবস্থাপনা	প্রভাষক (কম্পিউটার অপারেশন)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে কম্পিউটার সাইন্স বা ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন এ ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ। অথবা কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার টেকনোলজিতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।	

এছাড়া যে সকল প্রার্থী শিক্ষক নিবন্ধন পরীক্ষার ৩০১ ও ৩০২ কোডে অংশগ্রহণ করে সহকারী শিক্ষক (ভাষা) বাংলা/ইংরেজি পদে নিবন্ধন সনদ অর্জন করেছেন শুধুমাত্র সে সকল প্রার্থী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (বাংলা/ইংরেজি) পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

সুতরাং কেউ যদি পদ সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মিথ্যা তথ্য বা মিথ্যা ঘোষণা দিয়ে আবেদন করে থাকেন তবে তাদের বিষয়টি এনটিআরসিএ-কে লিখিতভাবে জানিয়ে যোগদান করা হতে বিরত থাকতে অনুরোধ করা হলো; নতুবা তাদের মিথ্যা ঘোষণার জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।